রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১৪, ২০০৯

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৪ই জুলাই, ২০০৯/৩০শে আষাঢ়, ১৪১৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৪ই জুলাই, ২০০৯ (৩০শে আষাঢ়, ১৪১৬) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ—

## ২০০৯ সনের ৫৪ নং আইন

**Supreme Court Judges (Remuneration and Privileges) Ordinance, 1978 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Supreme Court Judges (Remuneration and Privileges) Ordinance, 1978 (XI of 1978) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন The Supreme Court Judges (Remuneration and Privileges) (Amendment) Act, 2009 নামে অভিহিত হইবে।

(২) এই আইনের—

(ক) ধারা ২, ১ জুলাই ২০০৮ তারিখে ; এবং

(খ) ধারা ৩, ৩১ ডিসেম্বর ২০০৮ তারিখে, কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।



মূল্য ঃ টাকা ২.০০

২। **Ordinance No. XI of 1978 এর section 3D এর সংশোধন।**—Supreme Court Judges (Remuneration and Privileges) Ordinance, 1978 (XI of 1978), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3D এর পরিবর্তে নিম্নরূপ section 3D প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"**3D. Dearness allowance.**—There shall be paid to a judge, a dearness allowance at the rate of 20% of his salary *per mensem.*"।

৩। **Ordinance No. XI of 1978 এর section 3D এর পর নূতন section 3E এর সন্নিবেশ।**—উক্ত Ordinance এর section 3D এর পর নিম্নরূপ নূতন section 3E সন্নিবেশিত হইবে, যথা ঃ—

"**3E. Recreation allowance.**—**(1)** There shall be paid to a judge, a recreation allowance equal to one month's pay of his salary once in every three years for the purpose of taking leave for rest and recreation.

(2) The recreation allowance shall be paid in addition to the leave salary as mentioned in the section 7 of the Supreme Court Judges (Leave, Pension and Privileges) Ordinance, 1982 (Ordinance No. XX of 1982)."।

৪। **হেফাজত সংক্রান্ত বিধান।**—(১) Supreme Court Judges (Remuneration and Privileges) (Amendment) Ordinance, 2008 (২০০৮ সনের ৭১ নং অধ্যাদেশ), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩ এর দফা (২) এর বিধান অনুসারে উক্ত Ordinance এর কার্যকরতা লোপ পাওয়া সত্ত্বেও অনুরূপ লোপ পাইবার পর উহার ধারাবাহিকতায় বা বিবেচিত ধারাবাহিকতায় কোন কাজকর্ম কৃত বা ব্যবস্থা গৃহীত হইয়া থাকিলে উহা এই আইনের অধীনেই কৃত বা গৃহীত হইয়াছে বলিয়াও গণ্য হইবে।]

**আশফাক হামিদ**
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd